

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয়  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং : ৩৩.০১.৭০৬৬.০০০.১১.০০৪.১৯- ৫২৬

তারিখ : ০৬-১০-২০১৯ খ্রীঃ

নোটিশ

প্রাণিসম্পদ অধিদপ্তরধীন “পিপিআর রোগ নির্মূল এবং ক্ষুরা রোগ নিয়ন্ত্রণ প্রকল্পের” অনুমোদিত ডিপির সংস্থান অনুযায়ী চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় ছাগল/ভেড়াকে পিপিআর ভ্যাকসিন প্রদান এবং গবাদি পশুর ক্ষুরা রোগের ভ্যাকসিন প্রদানের নিমিত্ত প্রতিটি ইউনিয়ন থেকে একজন করে মোট ১৪ জন ভলান্টিয়ার ভ্যাকসিনেটর নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহীদের আগামী ২৩ অক্টোবর, ২০১৯ খ্রীঃ তারিখের মধ্যে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সদর, চাঁপাইনবাবগঞ্জ বরাবর লিখিত দরখাস্ত প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত অনুলিপি সহ জমাদানের জন্য অনুরোধ করা হলো।

**ভলান্টিয়ার ভ্যাকসিনেটরদের সুবিধাদি :**

- প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রতিটি ভলান্টিয়ার ভ্যাকসিনেটরদেরকে ৩ দিন ব্যাপি প্রশিক্ষণ প্রদান করা হবে। যেখানে নির্বাচিত ভলান্টিয়ার ভ্যাকসিনেটর গবাদি পশুর রোগবালাই পরিচিতি, করণীয় এবং হাতে কলমে ভ্যাকসিন প্রদান বিষয়ক জ্ঞান লাভ করবে। এছাড়াও প্রকল্প চলাকালীন অন্য একটি বছরে ১ দিন ব্যাপি রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান করা হবে।
- প্রকল্প থেকে প্রতিটি গবাদি পশুর জন্য (গরু/মহিষ/ছাগল/ভেড়া) প্রতি ডোজ ভ্যাকসিন প্রদান বাবদ ৫ (পাঁচ) টাকা করে সম্মানী প্রদান করা হবে।
- প্রাপ্ত সুবিধাদি শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রযোজ্য হবে।

**ভলান্টিয়ার ভ্যাকসিনেটর হিসাবে আবেদনের শর্তাবলী :**

- সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে।
- শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি. পাশ হতে হবে।
- চাকুরীরত কোন প্রার্থিকে নিয়োগ দেওয়া যাবে না।
- প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিষয়ে ৩ মাস ব্যাপি প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীকে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।



(ডাঃ কবীর উদ্দীন আহমেদ)  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
সদর, চাঁপাইনবাবগঞ্জ।

**বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো :**

১. উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
২. উপজেলা কৃষি অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৩. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
৪. চেয়ারম্যান, ..... ইউ.পি. , চাঁপাইনবাবগঞ্জ সদর।

**অনুলিপি**

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।